সমকাল

তারিখ 13 SEP 2017 পৃষ্ঠা ৫ কলাম ৬

# মেডিকেল শিক্ষা কমিশন গঠনের দাবি

■ সমকাল প্রতিবেদক

মেডিকেল ও ডেন্টাল ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে 'মেডিকেল শিক্ষা কমিশন' গঠনসহ ১৩ দফা দাবি বাস্তবায়নে সরকারের প্রতি মঙ্গলবার আহ্বান জানিয়েছে বামপন্থি চিকিৎসকদের সংগঠন ডক্টরস ফর হেলথ অ্যান্ড এনভায়রনমেন্ট। গতকাল মঙ্গলবার ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) সম্মেলন কক্ষে এক সংবাদ সম্মেলনে এ আহ্বান জানানো হয়। একই সঙ্গে মেডিকেল শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য মেডিকেল বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন গঠনের প্রস্তাব করেন সংগঠনের নেতারা।

১৩ দফা দাবির মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে মেডিকেল শিক্ষা কমিশন গঠন, মোট আসন সংখ্যার ৩ থেকে ৫ গুণ প্রার্থী, এসএসসি ও এইচএসসিতে প্রাপ্ত নম্বর অথবা জীববিদ্যা, পদার্থ, রসায়ন ও ইংরেজিতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রাথমিক বাছাই, মেধা তালিকার ফল ক্রমানুসারে পত্রিকা ও ওয়েবসাইটে প্রকাশ করা, ৫ শতাংশ কোটা পিছিয়ে পড়া জনগোষ্ঠীর মধ্যে মেধার ভিত্তিতে বণ্টন করা অন্যতম।

সংগঠনের সভাপতি অধ্যাপক ডা. নাজমুন নাহারের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তৃতা করেন সহসভাপতি অধ্যাপক ডা. এম আবু সাঈদ, সাধারণ সম্পাদক ডা. কাজী রকিবুল ইসলাম, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. আফসানা করিম প্রমুখ।

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............
তারিখ...............

| | |
|---|---|
| চীফ, পরিকল্পনা ... বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর